মহেশপুর সীমান্ত থেকে বিপুল পরিমাণ মাদক আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্তের বিভিন্ন এলাকা থেকে গত দুদিনে বিজিবি’র অভিযানে বিপুল পরিমাণ মাদকদ্রব্য আটক করা হয়েছে।

আজ রবিবার মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমানের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায়, রবিবার সকাল ৭টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ মাধবখালী বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৭০/৫-এস হতে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মাধবখালী গ্রামের মোঃ আলী হোসেন এর ঘাসের ক্ষেতের মধ্য হতে সুবেদার মোঃ তরিকুল ইসলাম এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৫৮০ পিস ভায়াগ্রা ট্যাবলেট উদ্ধার করা হয়।

একই দিন ভোর ৪টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ সামন্তা বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৫৭/২-এস হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বেলেহাটি গ্রামের মাঠের ধানের জমির আলির পার্শ্ব হতে হাবিলদার মোঃ শহর আলী এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ২৪ বোতল ভারতীয় (ডওঘঈঊজঊঢ) সিরাপ (মাদক) উদ্ধার করা হয়।

এছাড়া গত ২ এপ্রিল রাত সাড়ে ১১টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ গয়েশপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৬৮/৮-আর হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে গয়েশপুর গ্রামের মাঠের আম বাগানের মধ্য হতে হাবিলদার মোঃ সায়াদ হোসেন এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামী বিহীন ৯০ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত মাদক বিজিবি হেফাজতে রাখা হয়েছে।

কুষ্টিয়ায় বিপুল পরিমান নকল আকিজ বিড়ি জব্দ

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার বৈরাগীচর পূর্বপাড়া গ্রামের হাবিল ও কাবিলের বাড়িতে অভিযান চালিয়ে বিপুল পরিমান নকল ব্যান্ডরোলযুক্ত আকিজ বিড়িসহ বিড়ি তৈরির বিভিন্ন উপকরন জব্দ করেছে পুলিশ।

আজ বুধবার দুপুর ২ টার দিকে দৌলতপুর থানা পুলিশ এ অভিযান পরিচালনা করেন।

পুলিশ সূত্রে জানা যায়, সরকারের মোটা অংকের টাকা রাজস্ব ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলায় কতিপয় অসাধু চক্র দীর্ঘদিন ধরে নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি উৎপাদন, বিক্রি ও বাজারজাত করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে বুধবার দুপুর ২ টার দিকে দৌলতপুর থানার উপ-পরিদর্শক সেলিম রেজার নেতৃত্বে পুলিশের একটি চৌকস টিম উপজেলার বৈরাগীচর পূর্বপাড়া গ্রামের হাবিল ও কাবিলের বাড়িতে অভিযান ও তল্লাশি চালায়।

এসময় ওই বাড়ি থেকে দুই বস্তায় আশি হাজার (৮০,০০০) শলাকা নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি, কয়েক লক্ষ বিড়ির ঠোস, ফিল্টার, নকল পেটির বারকোড, লক্ষাধিক নকল ব্যান্ডরোলসহ বিপুল পরিমান বিড়ি তৈরির উপকরন জব্দ করা হয়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে অভিযুক্তরা বিড়ি ও বিড়ি তৈরির উপকরণ রেখে দ্রুত পালিয়ে যায়। অভিযান শেষে জব্দকৃত নকল আকিজ বিড়ি ও বিড়ি তৈরির উপকরন পুলিশ হেফাজাতে থানায় নিয়ে যাওয়া হয়েছে। আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যহত রয়েছে। একই সাথে তাদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে বলে জানান পুলিশ।

দৌলতপুর থানার উপ-পরিদর্শক সেলিম রেজা জানান, নকল ব্যান্ডরোল ব্যবহার করে এসব বিড়ি কোম্পানিগুলো দৈনিক বিপুল পরিমান টাকা রাজস্ব ফাঁকি দিয়ে দীর্ঘদিন ধরে অবৈধভাবে তাদের ব্যবসা কার্যক্রম পরিচালনা করে আসছিল। অভিযানে বিপুল পরিমান অবৈধ বিড়ি জব্দ করা হয়েছে।

তিনি আরো জানান, নকলের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যহত থাকবে। এছাড়া রাজস্ব ফাঁকি দিয়ে কেউ অবৈধভাবে বিড়ি উৎপাদন, বিক্রি ও

বাজারজাত করলে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।